ইনকিলাব

তারিখ 25 SEP 2009
পৃষ্ঠা ৩ কলাম ৪

# প্রাইভেট স্কুলসমূহের সমস্যার সমাধান দাবী

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ বেসরকারী (প্রাইভেট) স্কুল ফেডারেশনের এক জরুরী সভা ফেডারেশনের সভাপতি মোঃ তৌহিদুল ইসলামের সভাপতিত্বে গতকাল কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় "প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা" নীতিমালা প্রণীত হওয়ায় সংশ্লিষ্টদের ধন্যবাদ জানানো হয়। সভায় নার্সারী, প্রিপারেটরী, কেজি ও প্রিক্যাডেট স্কুলসমূহের নানাবিধ সমস্যা সমাধানের জন্য সরকারের কাছে ৬টি দাবী জানানো হয়। দাবীর মধ্যে রয়েছে সকল বেসরকারী প্রাইভেট স্কুলসমূহকে স্থায়ীভাবে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার আওতায় আনা। কিন্ডারগার্টেন, প্রি-ক্যাডেট ও সমমানের স্কুলসমূহকে সহজ শর্তে রেজিস্ট্রেশন দেয়া। বিনামূল্যে ছাত্র-ছাত্রীদেরকে বোর্ডের বই প্রদান। কোটাভিত্তিক ট্যালেন্টপুল ও সাধারণ বৃত্তি দেয়ার ব্যবস্থা করা। সকল প্রকার বাণিজ্যিক বিল রহিত করা। কিন্ডারগার্টেন, প্রিক্যাডেটসহ সমমানের স্কুলসমূহের পরিচালনার জন্য প্রাথমিক শিক্ষা বোর্ড গঠন।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন মহাসচিব মোঃ শাহীন পারভেজ, সিনিয়র সহসভাপতি মোঃ আব্দুল হাই, আবুল খায়ের, কাজী নাসিম আহমেদ প্রমুখ।